দৈনিক সংবাদ

৩১|০১|২০০১

তারিখ ঃ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৩...

# ঢা.বির ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে ঃ ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয় হিসাব বিজ্ঞান বিভাগের প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীদের পুনর্মিলনী ২০০১ অনুষ্ঠান শুক্রবার জাঁকজমকপূর্ণভাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) অনুষ্ঠিত হয়।

সকাল ৯টায় টিএসসি মিলনায়তনে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ বাংলাদেশ সৈয়দ ইউসুফ হোসেন, বাংলাদেশে কানাডীয় হাই কমিশনার ডেভিড প্রেস্টন, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ। হিসাব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও পুনর্মিলনী কমিটি ২০০১-এর আহ্বায়ক অধ্যাপক মোহাম্মদ হারুনুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন বিভাগীয় প্রবীণ শিক্ষক অধ্যাপক এম. হাবীবুল্লাহ, অধ্যাপক এবিএম খালেদ, বিভাগীয় প্রাক্তন ছাত্র, ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি বেনজীর আহমেদ এবং বিভাগীয় সহযোগী অধ্যাপক ড. রিয়াজুর রহমান চৌধুরী।

পুনর্মিলনী ২০০১-এর উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক আজাদ চৌধুরী বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় গত পাঁচ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সেশনজট প্রায় সম্পূর্ণ নির্মূল এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ প্রতিষ্ঠিত হয়েছিল। তিনি বলেন, গত কিছু দিন যাবৎ বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত পরিস্থিতির ফলে ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন বিপর্যস্ত হয়ে পড়ছে। ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন অব্যাহত রাখার স্বার্থে এ পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে সহযোগিতা প্রদানের তিনি সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহ্বান জানান।

দিনব্যাপী এ পুনর্মিলনী অনুষ্ঠানে ছিল স্মৃতিচারণ, ওয়েবসাইট উদ্বোধন, শিল্প-উদ্যোক্তাদের সাথে মতবিনিময়, সাংস্কৃতিক অনুষ্ঠান, র‌্যাফেল ড্র ইত্যাদি। বিভাগের সহস্রাধিক প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী এবং বহু বরেণ্য ব্যক্তিবর্গ পুনর্মিলনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।